

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ডবন (৪ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।

শেখ হাসিনার মূলনথি
গ্রাম শহরের উন্নতি

আরক নং-৪৬.০৮.০০০০.১০১.২৩.০২২.২৩- ৮ ৮২

তারিখ: ০৯-০৬-১৪৩০
২৪-০৯-২০২৩

বিষয়: জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস-২০২৩ উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ এবং পালন।

আগামী ০৬ অক্টোবর জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে গত ৩১/০৮/২০২৩ তারিখ আন্তর্মন্ত্রণালয় অন্তিমূলক সভা স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কেন্দ্রীয়ভাবে ঢাকায় আলোচনা অনুষ্ঠান এবং সারাদেশে বিভিন্ন ক্ষেত্রে কর্মসূচি গ্রহণ এবং পালনের সিদ্ধান্ত হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবসটি উদযাপনের ক্ষেত্রে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়।

ক) ঢাকায় দুই সিটি কর্পোরেশন এবং ক্যান্টনমেন্ট বোর্ড-এর সমন্বয়ে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের উদ্যোগে এ দিবস উদযাপনের অনুষ্ঠান আয়োজন করবে। ঢাকার সংশ্লিষ্ট সড়ক, সড়ক মোড় সুসজ্জিত করা হবে। ঢাকার বাহিরে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠান করা হবে।

খ) প্রতিটি বিভাগীয় শহরে বিভাগ, জেলা এবং সদর উপজেলা সমন্বয় করে জেলা প্রশাসক জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপনের অনুষ্ঠান আয়োজন করবেন।

গ) বিভাগীয় জেলা ব্যতিত অন্যান্য জেলায় জেলা প্রশাসক সদর উপজেলা ও সদর পৌরসভার সমন্বয়ে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপনের অনুষ্ঠান আয়োজন করবেন।

ঘ) ঢাকার বাহিরে সিটি কর্পোরেশন আলাদা আলাদাভাবে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপনের অনুষ্ঠান আয়োজন করবে।

ঙ) ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে ঢাকা ক্যান্টনমেন্ট ব্যতিত অন্যান্য ক্যান্টনমেন্ট বোর্ড জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপনের অনুষ্ঠান আয়োজন করবে।

চ) জেলার সদর উপজেলা ব্যতিত অন্য সকল উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার পৌরসভা (যদি থাকে) ও ইউনিয়ন পরিষদ সমন্বয় করে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন করবে।

ছ) বিভাগ পর্যায়ে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালনের সকল অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার মহোদয় প্রধান অতিথি, পরিচালক, স্থানীয় সরকার বিশেষ অতিথি এবং জেলা প্রশাসক সভাপতি হিসেবে উপস্থিত থাকবেন। জেলা পর্যায়ে জেলা প্রশাসক প্রধান অতিথি, পৌরসভার মেয়ার বিশেষ অতিথি এবং উপপরিচালক, স্থানীয় সরকার সভাপতি হিসেবে উপস্থিত থাকবেন। উপজেলা পর্যায়ে উপজেলা চেয়ারম্যান প্রধান অতিথি, পৌরসভার মেয়ার (যদি থাকে) বিশেষ অতিথি এবং উপজেলা নির্বাহী অফিসার সভাপতি হিসেবে উপস্থিত থাকবেন।

জ) ঢাকার বাহিরে সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা ও ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্ধারণপূর্বক দিবসটি পালনের ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস-২০২৩ উদযাপনের ছবি ও ভিডিও এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১১১১১১১১১১১১

মোঃ রাশেদুল হাসান

রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোন: ২২২৩৩৮৬৬০৬

ই-মেইল: rg@orgbdr.gov.bd

বিতরণ: সদয় জাতীয় ও কার্যালয়ে (জ্যোতির ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় কমিশনার----- (সকল)
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা----- (সকল) সিটি কর্পোরেশন।
- ৩। জেলা প্রশাসক----- (সকল)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল)
- ৫। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার----- (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যোতির ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। Country Representative, UNICEF Bangladesh.
- ৪। ডেপুটি রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের ব্যক্তিগত সহকারী (ডেপুটি রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)।